পারস্পরিক আস্থায় গড়ে ওঠা বাংলাদেশ-সৌদি আরবের দৃঢ় বন্ধুত্ব: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশ ও সৌদি আরবের সম্পর্ক কেবল ধর্মীয় নয়, বরং পারস্পরিক আস্থার ভিত্তিতে দীর্ঘমেয়াদি বন্ধুত্বে পরিণত হয়েছে। দুই দেশের ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে সৌদি আরব–বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি।

পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন মঙ্গলবার (৭ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে সৌদি আরব–বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্বোধনী অনুষ্ঠানে মন্তব্য করেন, “বাংলাদেশ ও সৌদি আরবের সম্পর্ক শুধু ধর্মীয় বন্ধুত্বের ওপর নির্ভর করে না, এটি পারস্পরিক আস্থার ভিত্তিতে দীর্ঘমেয়াদি বন্ধুত্বের উদাহরণ।”

তিনি বলেন, নতুন এই চেম্বার দুই দেশের বিনিয়োগ ও বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিশেষভাবে বন্দর, বিদ্যুৎ, জ্বালানি ও মেগা প্রকল্পে সৌদি ব্যবসায়ীদের অংশগ্রহণের আহ্বান জানান। পাশাপাশি, সরকার ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ বলে উল্লেখ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি বিএনপি নেতা ড. আব্দুল মঈন খান বলেন, স্বাধীনতার ৫৩ বছর পর এসে এমন একটি চেম্বারের জন্ম আশা ও উত্তেজনা উদ্রেক করছে। অনুষ্ঠানে সৌদি প্রতিনিধি দলের ২০ সদস্যসহ দুই দেশের ব্যবসায়ী ও কূটনৈতিক মহলের শতাধিক প্রতিনিধি উপস্থিত ছিলেন।